**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**10 SEPTEMBER 2024** **7:35 AM IST**

==========================================================================

পণ্য ও পরিষেবা কর পরিষদ ক্যান্সার রোগের চিকিৎসায় ব্যবহৃত ঔষধ তথা বিভিন্ন সামগ্রীর উপর থেকে পরিষেবা কর ১২ শতাংশ থেকে ৫ শতাংশে হ্রাস করা সিদ্ধান নিয়েছে । গতকাল নতুন দিল্লীতে পরিষদের ৫৪তম বৈঠকে পৌরহিত্যে করে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন সাংবাদিকদের একথা জানিয়েছেন । এছাড়া পরিষদ বীমা এবং স্বাস্থ্য বীমার ক্ষেত্রে আরোপিত কর হ্রাস করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য মন্ত্রী গোষ্ঠী গঠনেরও সিদ্ধান্ত নিয়েছে ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা রাজ্যে অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায়ের সফল বাস্তবায়নের জন্য গতকাল একটি পর্য্যালোচনা বৈঠকে মিলিত হয়েছেন । বৈঠকে তৃতীয় পর্য্যায়ে দুঃস্থ ও প্রান্তিক অঞ্চলের হিতাধীকারীদের সনাক্ত করার জন্য কিছু বিশেষ ব্যবস্থা গ্রহণেরও সিদ্ধান্ত নেওয়া হয়েছে । তৃতীয় পর্যায়ে আরো ৩৭ লক্ষ মহিলা হিতাধিকারীর ব্যাংক এ্যাকাউন্টে মাসে এক হাজার ২৫০ টাকা করে প্রদান করার লক্ষ্য ধার্য করা হয়েছে । বৈঠকে মুখ্যমন্ত্রী এই প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে যেসব নীতি নির্দেশনা পালন করতে হবে, সেবিষয়ে আলোচনা করেছেন । মূখ্যমন্ত্রী বলেন যে- অরুনোদয় প্রকল্পের তৃতীয় পর্য্যায়ে আওতায় রাজনৈতিকভাবে সক্ষম

ও সক্রিয় পরিবারগুলিকে এই প্রকল্পের বাইরে রাখা হবে । এছাড়া প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে যাবতীয় দাবী আপত্তি , অভিযোগ সমাধান করার জন্য বিহিত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । মুখ্যমন্ত্রী বলেন যে- ২০২০ সালে আরম্ভ করা এই প্রকল্পে প্রথম অবস্থায় ১৯ লক্ষ লোককে মাসিক ৮৩০ টাকা করে প্রদান করা হয়েছিল । সম্প্রতি ৩৭ লক্ষ লোককে এই প্রকল্পের মাধ্যমে উপকৃত করার লক্ষ্য নির্ধারিত করা হয়েছে । মুখ্যমন্ত্রী বলেন যে- আসাম, এই প্রকল্প রূপায়ণ করে মহিলা হিতাধীকারীদেরকে প্রথমবারের মতো এধরণের অর্থ প্রদান করা রাজ্যগুলির অন্যতম হিসেবে পরিগণিত হয়েছে ।

---

রাজ্যে বন্যা নিয়ন্ত্রণে জলসম্পদ বিভাগ বেশ কয়েকটি স্থানে জলাশয় গঠনের সিদ্ধান্ত নিয়েছে । এ জন্য ৯ টি স্থান বাছাই করে প্রারম্ভিক গবেষণা ও ক্ষেত্র পরিদর্শনের কাজ অব্যহত রয়েছ । গতকাল জলসম্পদ মন্ত্রী পীযুষ হাজারিকা বিভাগীয় মূখ্য বাস্তুকার এবং শীর্ষ আধিকারীকদের এ বিষয়ে আলোচনা করেন । বৈঠকে রাজ্যের বন্যা ভূমিধ্বসের সমস্যা নিয়ন্ত্রণের জন্য উপায় উদ্ভাবন সম্পর্কে পুঙ্খানুপুঙ্খ আলোচনা করা হয় । জলসম্পদ মন্ত্রী এক্ষেত্রে আধিকারিক কর্মচারীদের গ্রহণ করা ভূমিকার প্রশংসা করেন ।

---

রাজ্যের কৃষি ,উদ্যান শস্য ,আসাম চুক্তি ,পশু পালন ও পশু চিকিৎসা ,সীমান্ত সুরক্ষা উন্নয়ন মন্ত্রী অতুল বরা গতকাল শিলচরে পৌছেঁ কাছাড়ের জেলা আয়ুক্তের কার্যালয় সভাকক্ষে আয়োজিত এক পর্যালোচনা বৈঠকে কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন উম্নয়ন মূলক প্রকল্পগুলির সুষ্ঠ বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কে অবগত হয়েছেন । মূখ্যমন্ত্রীর নির্দেশে তিনি বরাক উপত্যকার তিন জেলা কাছাড় ,করিমগঞ্জ ও হাইলাকান্দি জেলার উন্নয়নমূলক কাজকর্মের অগ্রগতি সম্পর্কে পর্যালোচনা করতে এসেছেন বলে মন্ত্রী শ্রী বরা জানান ।

পর্যালোচনা সভায় জেলার স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে জেলার হাসপাতালগুলির পরিকাঠামো ব্যাবস্থা ,কমিউনিটি হেলথ সেন্টার, মডেল হাসপাতাল ,চা বাগান হাসপাতালের বিস্তারিত তথ্য তুলে ধরা হয় । সভায় জেলার তিন পৌরসভা শিলচর,সোনাই ও লক্ষীপুরের কাজকর্মের অগ্রগতি ,জেলা কৃষি বিভাগ দ্বারা সরকারী বিভিন্ন প্রকল্পগুলির রূপায়ন সম্পর্কে মন্ত্রীকে অবগত করানো হয় । মিজোরাম রাজ্যের সঙ্গে উপত্যকার তিন জেলার সীমান্ত সুরক্ষা সম্পর্কেও সভায় আলোচনা করা হয় । এছাড়া পশুপালন ও পশু চিকিৎসা এবং সমবায় বিভাগের কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয় । সভায় কাছাড়ের জেলা আয়ুক্ত রোহন কুমার ঝাঁ , পুলিশ সুপার নোমাল মাহাতো , জেলার দুই বিধায়ক দীপায়ন চক্রবর্তী ও মিহিরকান্তি সোম উপস্থিত ছিলেন ।

---

এদিকে মন্ত্রী বরা আজ হাইলাকান্দি জেলা সফর করবেন। শ্রী বরা আজ সকাল ১১ টায় হাইলাকান্দি জেলা আয়ুক্তের কার্যালয়য়ে একটি পর্যালোচনা বৈঠকে মিলিত হবেন। বেলা ১ টায় মন্ত্রী সাংসদ ও বিধায়কদের সঙ্গে বৈঠকে মিলিত হবেন এবং এরপর বিজেপি ও অগপ দলের কর্মকর্তাদের সঙ্গে আরও একটি বৈঠক করবেন।

---

শিলচরের প্রগতিশীল নাগরিক মঞ্চের উদ্যোগে শিলচর শহরের সড়ক সংস্কার এবং জমা জলের দূর্ভোগ থেকে নাগরিক জীবন রক্ষার দাবী জানিয়ে আজ নরসিংটোলা ময়দান থেকে একটি প্রতিবাদী মিছিল বের হয়ে শহর পরিক্রমা করে । প্রতিবাদ মিছিলটি নরসিংটোলা ময়দান থেকে বের হয়ে ভাওয়াল পয়েন্ট , সেন্ট্রাল রোড , প্রেমতলা , হাসপাতাল রোড হয়ে রাঙ্গিরখাড়ীর নেতাজী মূর্তির পাদদেশে গিয়ে শেষ হয় । বিক্ষোভ কার্য্যসূচীতে অবিলম্বে শিলচর শহরে উন্নত মানের সড়ক সংস্কার, পরিচ্ছন্ন পানীয় জল প্রদান , অবিলম্বে পৌর নির্বাচন অনুষ্ঠিত করার দাবী জানিয়ে প্রবীন নাগরিক মঞ্চের সভাপতি দিলীপ কুমার দে , প্রাক্তন পৌরপতি তমাল কান্তি বণিক , সুভাষ বণিক প্রমূখ বক্তব্য রাখেন ।

করিমগঞ্জ পৌরসভার উপ-সভাপতি এক বিজ্ঞপ্তীতে পৌরসভা কার্য্যলয়ের পরিত্যক্ত লোহা ও অন্যান্য সামগ্রী বিক্রির জন্য দরপত্র আহ্বান করেছেন । দরপত্র আগামী ১৬ই সেপ্টেম্বর বেলা দুটো পর্য্যন্ত করিমগঞ্জ পৌরসভা কার্য্যলয়ে গ্রহন করা হবে । পরিত্যক্ত সামগ্রীর বিবরন ও দরপত্র সংক্রান্ত বিশদ বিবরন করিমগঞ্জ পৌরসভা কার্য্যলয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে ।

---

শিলচরের নেতাজী ছাত্র যুব সংস্থার বর্ষব্যাপী রজত জয়ন্তী উদযাপন কার্য্যসূচী গত রবিবার শিলচর রাজীব ভবনে শুরু হয়েছে । শিলচর এন আই টি-র ডিরেক্টর অধ্যাপক দিলীপ কুমার বৈশ্য প্রদীপ প্রজ্বোলন করে রজন জয়ন্তী বর্ষের উদ্বোধন করেন । এছাড়া ও উদ্বোধনী অনুষ্ঠানে জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বে , পদ্মশ্রী ডক্টর রবি কান্নান , সাংসদ সুস্মিতা দেব প্রমূখ উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন রজত জয়ন্তী উদযাপন বর্ষের সভাপতি শেখর পাল চৌধুরী ।

---

পালংঘাটের মাতা সংঘ ক্লাব আয়োজিত ডক্টর শ্যামাপ্রসাদ মূর্খাজী স্মৃতি প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার ফাইনালে ডেফলিপার এফ সি বিজয়ী হয়েছে । পালংঘাটের চৈতন্য চরন জগৎ চন্দ্র উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের ফাইনাল খেলায় ডেফলিপার এফ সি ২-১ গোলে রাজঘাট এফ সি-কে পরাজিত করে বিজয়ী হয় । খেলা শেষে খেলোয়াড়দের হাতে পুরষ্কার তুলে দেন সাংসদ পরিমল শুক্লবৈদ্য ।